

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি সংস্কার বোর্ড
শাখা-১ (প্রশাসন)
ভূমি ভবন
তেজগাঁও, ঢাকা-১২০৮।
www.lrb.gov.bd

বিষয় : সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/সংস্কার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভার কার্যবিবরণী।

সভাপতি : জনাব শশাঙ্ক শেখর ভৌমিক, সদস্য (প্রশাসন), (অতিরিক্ত সচিব), ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

সভার তারিখ : ২৪ মার্চ, ২০২৪ খ্রি।

সভার সময় : সকাল ১২: ৩০ ঘটিকা।

সভার স্থান : সম্মেলন কক্ষ, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।

(উপস্থিত তালিকা পরিশিষ্ট- 'ক' তে সংযুক্ত)

সভাপতি উপস্থিত ভূমি সংস্কার বোর্ড ও বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহ ও কোর্ট অব ওয়ার্ডস: ঢাকা নওয়াব এস্টেট ও ভাওয়াল রাজ এস্টেট এর কর্মকর্তাগণকে স্বাগত জানান। অতঃপর সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ জনাব মুহাম্মদ রফিকুল ইসলামকে সভার কার্যক্রম শুরু করার আহবান করেন। সভার শুরুতে সহকারী ভূমি সংস্কার কমিশনার-১ সভায় উপস্থিত আওতাধীন দপ্তরসমূহের প্রধান/প্রতিনিধিবৃন্দকে তাঁদের দপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড স্থাপন ও হালনাগাদকরণ কার্যক্রম বিষয়ে উপস্থাপনের জন্য অনুরোধ করেন। ভূমি সংস্কার বোর্ডের আওতাধীন কিছু বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহে ও কোর্ট অব ওয়ার্ডস এর দুটি এস্টেটের দপ্তরের সম্মুখে এখনও সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড স্থাপন হয়নি মর্মে সভায় জানানো হয়। সেবাসমূহের বিবরণ ও সেবা প্রাপ্তির নিয়মকানুন সুন্দর ও user friendly করে সেবা প্রদান প্রতিশ্রুতি তৈরী ও স্থাপনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। সভাপতি সাধারণ নাগরিকগণের জন্য সহজে দৃষ্টি গ্রাহ্য উন্মুক্ত স্থানে ও পরিচ্ছন্ন ভাবে সেবা প্রদান প্রতিশ্রুতির লিখন মুদ্রণ ও স্থাপনের বিষয়ে নির্দেশ দেন। সময়ে সময়ে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করার জন্য এবং সেবা প্রদানকারী কর্মকর্তা/কর্মচারীগণের নাম, পদবি, ফোন নম্বর সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ডে সুস্পষ্ট ভাবে উল্লেখ করার জন্য তিনি বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারগণ ও দুটি এস্টেটের ম্যানেজারগণকে পরামর্শ প্রদান করেন। স্ব স্ব কার্যালয়ের ওয়েবসাইটে যথাযথভাবে সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করার জন্য সভাপতি অনুরোধ করেন।

সেবা প্রদান প্রতিশ্রুতিতে প্রদর্শিত সেবা প্রদান পদ্ধতি ও সময়সীমা অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করণে সভাপতি বোর্ডের আওতাধীন বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয়সমূহ ও কোর্ট অব ওয়ার্ডস ও অন্যান্য কর্মকর্তা-কর্মচারীদেরকে দায়িত্ব পালনে আন্তরিক হবার জন্য আহবান জানান। এ বিষয়সমূহ আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্ত:

(ক)	বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনারের কার্যালয় ও কোর্ট অব ওয়ার্ডস এর ঢাকা নওয়াব এস্টেট ও ভাওয়াল রাজ এস্টেট এর দপ্তরের সম্মুখে উপযুক্ত জায়গায় সেবা প্রদান প্রতিশ্রুতি বোর্ড স্থাপন করা হবে। স্ব স্ব দপ্তরের ওয়েবসাইটে হালনাগাদকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি আপলোড করা হবে।	বাস্তবায়নের দায়িত্ব: (ক) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)। (খ) ঢাকা নওয়াব এস্টেট ও ভাওয়াল রাজ এস্টেট এর ম্যানেজারগণ।
(খ)	স্ব স্ব কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি অনুযায়ী সেবা প্রদান নিশ্চিত করতে হবে।	(ক) বিভাগীয় উপ-ভূমি সংস্কার কমিশনার (সকল)। (খ) ঢাকা নওয়াব এস্টেট ও ভাওয়াল রাজ এস্টেট এর ম্যানেজারগণ।

পরিশেষে আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

শশাঙ্ক শেখর ভৌমিক

সদস্য (প্রশাসন), অতিরিক্ত সচিব

ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।

ফোন নং-০২-৮১৭০১৪৩


ই-মেইল-member1@lrb.gov.bd

স্মারক নং ৩১.০২.০০০০.০১১.০৭.০০৩.২২.২০২

তারিখ: ১০ চৈত্র ১৪৩০
২৪ মার্চ ২০২৪

অনুলিপি : সদয় জ্ঞাতার্থে :

১. সচিব, ভূমি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সদস্য (প্রশাসন/ভূমি ব্যবস্থাপনা), ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৩. ম্যানেজার, ভাওয়াল রাজ এস্টেট/ঢাকা নওয়াব এস্টেট, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৪. উপ ভূমি সংস্কার কমিশনার-১/২/৩, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা
৫. উপ ভূমি সংস্কার কমিশনার- ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/ বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
৬. সহকারী ভূমি সংস্কার কমিশনার-১/২/৩/৪/৫/৬, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৭. চেয়ারম্যান এর একান্ত সচিব, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৮. হিসাব রক্ষণ কর্মকর্তা, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা।
৯. সহকারী প্রোগ্রামার, ভূমি সংস্কার বোর্ড, তেজগাঁও, ঢাকা। (এ কার্যবিবরণী ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১০. প্রশাসনিক কর্মকর্তা- প্রধান কার্যালয়/ ঢাকা/চট্টগ্রাম/রাজশাহী/খুলনা/বরিশাল/সিলেট/রংপুর/ময়মনসিংহ বিভাগ।
১১. উচ্চমান সহকারী/....., শাখা-১/২/৩/৪/৫/৬/৭, ভূমি সংস্কার বোর্ড, ঢাকা।
১২. অফিস কপি।


২৪/৩/২৪

(মুহাম্মদ রফিকুল ইসলাম)
সহকারী ভূমি সংস্কার কমিশনার
ভূমি সংস্কার বোর্ড, ঢাকা
ফোন: ০২-৮১৭০১৫২

ই-মেইল: alrc1@lrb.gov.bd